



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩২৩৩

তারিখ : ০১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৩ খ্রি.


সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল (জাতীয়করণসহ) সরকারি মাধ্যমিক বিদ্যালয় যে ২০২৪ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অন-লাইনে <https://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে। অন-লাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া ২৪/১০/২০২৩ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ১৪/১১/২০২৩ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

সারাদেশে আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবে। এক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। ডাবল শিফট প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফট পছন্দ করলে দুটি পছন্দক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না। ২০২৪ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠিত ডিজিটাল দৈবচয়ন প্রক্রিয়ার কার্যক্রমে সারাদেশের সকল (জাতীয়করণসহ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়কে অংশগ্রহণ করতে হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে দৈবচয়নের মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া নিষ্পন্ন করা ব্যতীত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না। জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ২০২৪ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৬+ বছর নির্ধারিত হবে।

এছাড়া, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীগণের ভর্তির উপযুক্ত সন্তান সংখ্যার সমসংখ্যক আসন ঐ প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে তাঁদের অন-লাইনে আবেদন করার প্রয়োজন নেই। উল্লেখ্য, শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী সরকারি মাধ্যমিক বালক বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালিকা হলে নিকটতম সরকারি বালিকা বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে। একইভাবে শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালক হলে নিকটতম সরকারি বালক বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে।

সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। অন-লাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী www.dshe.gov.bd এর secondary circular/order ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।


(মোহাম্মদ আজিজ উদ্দিন)
উপপরিচালক (মাধ্যমিক)

ও

সদস্য সচিব
ঢাকা মহানগরী সরকারি মাধ্যমিক
বিদ্যালয় ভর্তি কমিটি
ফোন : ০২-৪১০৫০২৮৩
dd-sec@dshe.gov.bd